



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2022

গভর্নর ক্যাথি হোকল

## হারিকেন ফিয়োনা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"নিউ ইয়র্ক এবং পুয়ের্তো রিকোর মধ্যে একটি বিশেষ সম্পর্ক রয়েছে এবং আমি জানি যে অনেক নিউ ইয়র্কবাসী বর্তমানে হারিকেন ফিয়োনার সময় দ্বীপটিতে অবস্থানরত বন্ধু ও প্রিয়জনদের নিরাপত্তা ও ভালো থাকা নিয়ে উদ্বিগ্ন আছেন। আমি পুয়ের্তো রিকোর মানুষের জন্য প্রার্থনা করছি এবং এখানে, নিউ ইয়র্কে আমাদের পুয়ের্তো রিকান সম্প্রদায়ের ব্যাপারেও ভাবছি।

আশঙ্কিত বন্যা, ভূমিধ্বস এবং বিদ্যুৎ বিভ্রাটের ফলে পরিস্থিতি খুবই বিপজ্জনক এবং আমি সকলকে নিরাপদ থাকার জন্য এবং স্থানীয় কর্তৃপক্ষের কথা শোনার জন্য তাগিদ দিচ্ছি। নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (New York State Division of Homeland Security and Emergency Services) নিবিড়ভাবে ঝড়টি পর্যবেক্ষণ করছে এবং যদি ফেডারেল সরকার ও পুয়ের্তো রিকো অনুরোধ করে তাহলে দ্রুত সহায়তা প্রদান করতে পারবে। নিউ ইয়র্ক সর্বদা পুয়ের্তো রিকোর পাশে থাকবে এবং সমর্থন করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধু হইব করুন](#)